# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৭. ইমামের মুক্তাদীদের চেয়ে উঁচু স্থানে দাঁড়ানো

باب الإِمَامِ يَقُومُ مَكَانًا أَرْفَعَ مِنْ مَكَانِ الْقَوْمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا حَجَّاجٌ، عَنِ ابْنِ جُرَيْجٍ، أَخْبَرَنِي أَبُو خَالِدٍ، عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ الأَنْصَارِيِّ، حَدَّثَنِي رَجُلٌ، أَنَّهُ كَانَ مَعَ عَمَّارِ بْنِ يَاسِرٍ بِالْمَدَائِنِ فَأُقِيمَتِ الصَّلاَةُ فَتَقَدَّمَ عَمَّارٌ وَقَامَ عَلَى دُكَّانٍ يُصَلِّي وَالنَّاسُ أَسْفَلَ مِنْهُ فَتَقَدَّمَ حُذَيْفَةُ فَأَخَذَ عَلَى يَدَيْهِ فَاتَّبَعَهُ عَمَّارٌ حَتَّى أَنْزَلَهُ حُذَيْفَةُ فَلَمَّا فَرَغَ عَمَّارٌ مِنْ صَلاَتِهِ قَالَ لَهُ حُذَيْفَةُ أَلَمْ تَسْمَعْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " إِذَا أَمَّ الرَّجُلُ الْقَوْمَ فَلاَ يَقُمْ فِي مَكَانٍ أَرْفَعَ مِنْ مَقَامِهِمْ " . أَوْ نَحْوَ ذَلِكَ قَالَ عَمَّارٌ لِذَلِكَ اتَّبَعْتُكَ حِينَ أَخَذْتَ عَلَى يَدَىَّ .

حسن بما قبله ؛ إلا ما خالفه

বাংলা

৫৯৮। ’আদী ইবনু সাবিত আল-আনসারী (রাঃ) সূত্রে বর্ণিত। আমার কাছে এমন এক ব্যক্তি হাদীস বর্ণনা করেছেন যিনি মাদায়েনে ’আম্মার ইবনু ইয়াসীর (রাঃ)-এর সঙ্গে ছিলেন। তিনি বলেন, সালাতের ইক্বামাত(ইকামত/একামত) দেয়া হলে ’আম্মার (রাঃ) সামনে গেলেন এবং ইমামতি করার জন্য একটি দোকানের উপর দাঁড়ালেন। তখন লোকেরা তার থেকে নিঁচু স্থানে ছিল। হুযাইফাহ্ (রাঃ) সামনে এগিয়ে গিয়ে ’আম্মারের দু’ হাত চেপে ধরলে ’আম্মার (রাঃ) তার অনুসরণ করেন এবং হুযাইফাহ্ (রাঃ) তাকে নিচে নামিয়ে আনেন। ’আম্মার সালাত শেষ করলে হুযাইফাহ্ (রাঃ) বললেন, তুমি কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শোননি, কেউ কোন কওমের ইমামতি করলে সে যেন তাদের চেয়ে উঁচু স্থানে না দাঁড়ায়? অথবা অনুরূপই বলেছেন। ’আম্মার (রাঃ) বললেন, তাই তো আপনি আমার হাত ধরা মাত্রই আমি পেছনে সরে আসলাম।[1]

হাসান পূর্বেরটির কারণে।

## English

‘Adi b. Thabit al-Ansari said; A man related to me that (once) he was in the company of ‘Ammar b. yasir in al-Mada’in (a city near Ku’fah). The IQAMAH was called for prayer:
‘Ammar came forward and stood on a shop (or a beach) and prayed while the people stood on a lower place than he. Hudaifah came forward and took him by the hands and Ammar followed him till Hudaifah brought him down. When ‘Ammar finished his prayer. Hudaifah said to him: Did you not hear the Messenger of Allah (May peace be upon him) say: When a man leads the people in prayer, he must not stand in a position higher than theirs, or words to that effect? ‘Ammar replied : that is why I followed you when you took me by the hand.

### ফুটনোট

[1] এর সনদে নাম উল্লেখহীন জনৈক ব্যক্তি রয়েছে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

১। নাফল সালাত আদায়কারীর পিছনে ফারয সালাত আদায় করা জায়িয। কেননা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে মু‘আযের আদায়কৃত সালাতটি ছিলো ফরয আর স্বীয় সম্প্রদায়ের সাথে মু‘আযের আদায়কৃত সালাত ছিলো নাফল।

২। কারণ বশতঃ একই দিনে এক ওয়াক্তের দু’ বার আদায় করা জায়িয।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আদী ইবন সাবিত (রহঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57916

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন